

কয়েকটি উদাহরণ :

একজন মার্কিন নভোচর চন্দ্রপৃষ্ঠে অবতরণ করেছেন।

যুক্তিবিজ্ঞানসম্মত রূপ : কোন কোন মার্কিন নভোচর হয় এমন যারা চন্দ্রপৃষ্ঠে অবতরণ করেছেন (I)।

একজন মন্ত্রী সভায় অনুপস্থিত।

যুক্তিবিজ্ঞানসম্মত রূপ : কোন কোন মন্ত্রী নন এমন যিনি সভায় উপস্থিত আছেন (O)।

- বচনে রূপান্তরকরণের সময় বাক্যের উদ্দেশ্যপদের collective ব্যবহার এবং distributive ব্যবহারের পার্থক্যের উপর মনোযোগ দিতে হবে। উদ্দেশ্যপদে নির্দেশিত শ্রেণীর ব্যক্তিসমূহের সমষ্টির সম্পর্কে বিধেয়টি যেমন প্রযুক্ত হতে পারে, তেমনি ঐ উদ্দেশ্যপদ কর্তৃক নির্দেশিত ব্যক্তিগুলি বিচ্ছিন্নভাবে নির্দেশিত হতে পারে। যেমন, 'মুষ্টিমেয় ব্যক্তি হয় সৎ'— এক্ষেত্রে 'মুষ্টিমেয় ব্যক্তি' বলতে যে কয়েকজন ব্যক্তিকে বোঝানো হয় তারা আলাদা আলাদাভাবে সৎ; বা বলা যায়, 'সৎ' বিধেয়টি আলাদা আলাদা ভাবে ঐ ব্যক্তিদের উপর প্রযুক্ত হয়েছে। উক্ত বাক্যটির এটিই হল বক্তব্য। কিন্তু যখন বলা হয় যে, 'মুষ্টিমেয় ব্যক্তি সমাজ সংস্কারের পক্ষে যথেষ্ট', তখন এই বাক্যের বক্তব্য এই নয় যে কয়েকজন ব্যক্তি আলাদা আলাদাভাবে সমাজসংস্কারের পক্ষে যথেষ্ট। বরং, এক্ষেত্রে বক্তব্য হল, সমষ্টিগতভাবে বা একত্রে ঐ কয়েকজন ব্যক্তি সমাজসংস্কারের পক্ষে যথেষ্ট।

সুতরাং, (১) 'মুষ্টিমেয় ব্যক্তি সৎ'-এর যুক্তিবিজ্ঞান সম্মত আকার হল :
'কোন কোন ব্যক্তি হয় সৎ ব্যক্তি' (I)।

কিন্তু, (২) 'মুষ্টিমেয় ব্যক্তি সমাজসংস্কারের পক্ষে যথেষ্ট' -এর যুক্তিবিজ্ঞান সম্মত রূপ হল : 'সকল কয়েকজন ব্যক্তির সমষ্টি হয় এমন ব্যক্তিসমষ্টি যা সমাজসংস্কারের পক্ষে যথেষ্ট' (A)।

অনুরূপভাবে, (৩) 'মুষ্টিমেয় ব্যক্তি সমাজসংস্কারের পক্ষে যথেষ্ট নয়'— বাক্যের যুক্তিবিজ্ঞান সম্মত রূপ হল : 'কোন কয়েকজন ব্যক্তির সমষ্টি নয় এমন ব্যক্তির সমষ্টি যা সমাজসংস্কারের পক্ষে যথেষ্ট' (E)।

আর একটি সমস্যামূলক দৃষ্টান্ত :

'সব মানুষই কখনো কখনো ভুল করে'— এই বাক্যের অর্থ নিশ্চয়ই এমন হতে পারে না যে, কোন কোন সময় সব মানুষ ভুল করে। কারণ, বিশেষ বিশেষ কতকগুলি মুহূর্তে অতীত-বর্তমান ও ভবিষ্যতের সব মানুষই একসঙ্গে ভুল করতে পারে না। আর একথা স্পষ্ট যে, 'সব মানুষ' বলতে অতীত-বর্তমান ও ভবিষ্যতের সব মানুষকে বোঝায়। কালের কোন বিশেষ মুহূর্তে 'সব মানুষের', অর্থাৎ, অতীত-বর্তমান ও ভবিষ্যতের সব মানুষের উপস্থিতি যৌক্তিকভাবে অসম্ভব। তাহলে আলোচ্য বাক্যটির অর্থ হল : কোন না কোন সময় কেউ না কেউ ভুল করে। এই অর্থানুসারে বাক্যটির যুক্তিবিজ্ঞানসম্মত বচনের রূপ হবে : 'কোন কোন মানুষ হয় মানুষ যারা ভুল করে' (I)